

চীন গমনেচ্ছুক যাত্রীগণের জন্য বিশেষ নির্দেশনা


আপনারা অবগত আছেন যে গত ডিসেম্বর ২০১৯ থেকে চীনে একটি নতুন করোনাভাইরাস (২০১৯-nCoV) সংক্রমণ এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং বর্তমানে উক্ত ২০১৯-এন করোনাভাইরাস-এর সংক্রমণ বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে।

এই রোগ মানুষ থেকে মানুষে ছড়াতে পারে, উপদ্রুত এলাকায় ভ্রমণের সময় যে কেউ এই ভাইরাসে আক্রান্ত হতে পারে। সুতরাং একান্ত অত্যাৱশ্যকীয় কারণ ছাড়া চীন ভ্রমণ এড়িয়ে চলুন।

যদি চীনে ভ্রমণ অত্যাৱশ্যকীয় হয় তবে সেখানে ভ্রমণ ও অবস্থানের সময় নিম্নলিখিত সতর্কতাসমূহ অবলম্বন করতে হবেঃ

- প্রয়োজনের অতিরিক্ত ঘরের বাইরে অবস্থান করবেন না। জনসমাগম হয় এরকম স্থান যতদূর সম্ভব এড়িয়ে চলুন।
- জীবিত বা মৃত জীবজন্তু বেচাকেনা হয় এমন বাজার সর্বাৱস্থায় এড়িয়ে চলুন।
- করমর্দন, কোলাকুলি ইত্যাদি থেকে বিরত থাকুন।
- আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন
- অসুস্থ পশু/পাখির সংস্পর্শ পরিহার করুন
- মাছ-মাংস ভালোভাবে রান্না করে খাবেন
- সর্বাৱস্থায় মাস্ক ব্যবহার করবেন
- ঘন ঘন সাবান-পানি দিয়ে হাত ধোবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)

দেশে ফিরে আসার ১৪ দিনের মধ্যে ২০১৯-এন করোনাভাইরাস-এর সংক্রমণের লক্ষণসমূহ (১০০° ফারেনহাইট/ ৩৮° সেন্টিগ্রেড-এর বেশি জ্বর, গলা ব্যথা, কাশি, শ্বাসকষ্ট) দেখা দিলে দেরি না করে আইইডিসিআর হটলাইনে (০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫) যোগাযোগ করুন।



রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান
(আইইডিসিআর)